

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

১৪ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ২৯ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.১৪.০১৪.২১.৮৫২

বিষয়: আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্পের GD-27 এর আওতায় আখানি, সিএসডি ও এলএসডি কার্যালয়সমূহে Hand Holding Resource/Data Entry Operator (DEO)-পদে নিয়োজিত জনবলের কার্যক্রম অবহিতকরণ ও কর্মকর্তাগণের দায়িত্ব।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্পের GD-27 এর আওতায় FS&MMS সিস্টেম বাস্তবায়নে বেঞ্জিনমকো কম্পিউটারস্ লি. জেভি কর্তৃক আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিএসডি ও এলএসডিসমূহে Hand Holding Resource/Data Entry Operator হিসেবে নিয়োগকৃত জনবল কর্তৃক LSD এবং CSD এর জুন ৩০, ২০২৪ তারিখের মজুত সম্পর্কিত ডাটা এন্ট্রিসহ নিম্নরূপ কার্যক্রম গ্রহণ/দায়িত্ব পালন করবেন :

- ১। সংশ্লিষ্ট আখানি দপ্তর, সিএসডি, উখানি দপ্তর এবং এলএসডিসমূহের ইন্টারনেট সংযোগ পরীক্ষা করা এবং এটি কার্যকর কী না তা নিশ্চিত করা;
- ২। সংশ্লিষ্ট কার্যালয়সমূহে সরবরাহকৃত সকল হার্ডওয়্যার/ডিভাইসের (কম্পিউটার ও আনুষঙ্গিক যন্ত্রাংশসহ সিম, ট্যাব, ওয়েব ক্যামেরা, রাউটার ইত্যাদি) যথাযথ ব্যবহার এবং রক্ষণাবেক্ষণ করা ও সচল রাখা;
- ৩। FS&MMS এর আওতায় সংশ্লিষ্ট আখানি দপ্তর, সিএসডি, উখানি দপ্তর এবং এলএসডিসমূহের জন্য প্রয়োজনীয় সকল সফটওয়্যার-এর ইনস্টলেশন নিশ্চিত করা;
- ৪। FS&MMS সফটওয়্যারে LSD এবং CSD এর জুন ৩০, ২০২৪ তারিখের মজুত সম্পর্কিত উপাত্ত (Data) উক্ত অফিসের কম্পিউটারে বসে এন্ট্রি সম্পাদন করা। উল্লেখ্য যে, উক্ত ডাটা অবশ্যই LSD/CSD প্রধান কর্তৃক যাচাইকৃত হতে হবে;
- ৫। FS&MMS সফটওয়্যারে ডাটা এন্ট্রি কিভাবে করা হয় তা সংশ্লিষ্ট আখানি দপ্তর, সিএসডি, উখানি দপ্তর এবং এলএসডিসমূহের কর্মকর্তাদের প্রদর্শন এবং প্রতি দিনের কার্যক্রম গ্রহণে সহায়তা প্রদান করা। ডাটা যাচাই করা, ডাটা সংশোধন করা, ডাটা আপডেট করা;
- ৬। কর্তৃপক্ষ কর্তৃক চাহিত প্রয়োজনীয় তথ্যের রিপোর্ট তৈরি করা এবং প্রয়োজন অনুযায়ী ডাটা ক্ল্যানিং করা;
- ৭। DG FOOD এর সকল ডাটা/ DOC ফাইল/ PRESENTATION এর রক্ষণাবেক্ষণ করা;
- ৮। FS&MMS সফটওয়্যারে ডাটা এন্ট্রিসহ কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত যেকোনো কাজ গুরুত্বসহকারে নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করা;
- ৯। Hand Holding Resource/Data Entry Operator-দের কর্মস্থলের খাদ্য অধিদপ্তরের সকল কর্মকর্তাদেরকে SAP সফটওয়্যার সম্পর্কে যথাযথ ধারণা প্রদান করা এবং ঐ এলাকার ডিলার, মিলার ও কৃষকদের প্রশিক্ষণ প্রদান করা;
- ১০। FS&MMS এর সকল প্রাপ্ত ডাটা সংরক্ষণ করা ও গোপনীয়তা রক্ষা করা।

উক্ত নিয়োগপ্রাপ্ত Hand Holding Resource/Data Entry Operator-গণ সংশ্লিষ্ট আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ব্যবস্থাপক এবং সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের নিকট রিপোর্ট করবেন। FS&MMS সফটওয়্যারে LSD এবং CSD এর জুন ৩০, ২০২৪ তারিখের মজুত তথ্যসহ জুলাই ০১, ২০২৪ হতে সকল বিলি বিতরণ, সংগ্রহ, চলাচল ও অন্যান্য তথ্য এন্ট্রির জন্য Hand Holding Resource/Data Entry Operator-গণের নিকট সরবরাহ নিশ্চিত করবেন।

উল্লেখ্য, সংশ্লিষ্ট আখানি, সিএসডি ও এলএসডি কার্যালয় Hand Holding Resource/Data Entry Operator-গণের বসার ব্যবস্থা, তথ্য প্রদানসহ অর্থাৎ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকল কার্যালয়কে আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্পের GD-27 এর আওতায় FS&MMS সিস্টেম বাস্তবায়নে বেঞ্জিনমকো কম্পিউটার লি. জেভি কর্তৃক নিয়োগকৃত Hand Holding Resource/Data Entry Operator (DEO)-এর কার্যক্রম অবহিতপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৯-০৮-২০২৪
মঞ্জুর আলম
সিস্টেম এনালিস্ট
+৮৮-০২-৪১০৫২৯৯৭
sys@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.১৪.০১৪.২১.৮৫২/১ (৬)

১৪ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ২৯ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক (আহরণ ও ব্যয়ন) (বুটিন দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর;
- ২। পরিচালক, প্রশাসন/ সববি/ চসসা/ হিসাব ও অর্থ/ সংগ্রহ/ পউকা/ প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।;
- ৩। প্রকল্প পরিচালক, আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্প, খাদ্য অধিদপ্তর;
- ৪। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য];
- ৫। বুয়েট - পিডব্লিউসি এবং
- ৬। Beximco Computers Ltd.।





২৯-০৮-২০২৪
মঞ্জুর আলম
সিস্টেম এনালিস্ট